

কিভাবে মাটির নমুনা নিতে হয়

১. একটি সয়েল ড্রি অথবা কোদাল নিন মাটির নমুনা সংগ্রহ করার জন্য
২. আপনার কৃষি জমির বিভিন্ন অংশ থেকে নমুনা নিন এবং নমুনাগুলোকে ভালোভাবে মিশিয়ে ফেলুন



কিভাবে মাটির লবনাক্ততা পরিমাপ করবেন

১. মাটির নমুনা একটি প্লেটে রাখুন এবং সূর্যের আলো কিংবা চুলার আগুনের সাহায্যে শুকিয়ে নিন
২. শুকানো মাটিকে গুড়া করুন (২ মিমি)
৩. এক ভাগ মাটি নিন উদাহরন স্বরূপ ১৫ মিলি
৪. দুই ভাগ বিশুদ্ধ মিষ্টি পানি নিন অর্থাৎ ৩০ মিলি
৫. মাটির গুড়া ও পানির মিশ্রনটিকে ভালোভাবে ঝাঁকিয়ে আধা ঘন্টা রেখে দিন এবং আধা ঘন্টা পরে আবার ভালোভাবে ঝাঁকিয়ে নিন
৬. মিশ্রনটিকে ১০ মিনিট রেখে দিন
৭. এখন ইসি মিটার দন্ডের অগ্রভাগ মিশ্রনে ডুবিয়ে রিডিং নিন এবং এই রিডিংই উক্ত মাটির লবনাক্ততার মাত্রা।

